



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় অফিসারের কার্যালয়
রাণীশংকৈল, ঠাকুরগাঁও।

www.cooperative.ranisankail.thakurgaon.gov.bd



“বঙ্গবন্ধুর দর্শন
সমবায় উন্নয়ন”

স্মারক নং- ৪৭.৬১.৯৪৮৬.০০০.৩৯.০৪.১৭-৫৫১৩

তারিখঃ ১৩/০৩/২০২৩খ্রিঃ।

অফিস আদেশ

“প্রাথমিক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ” সেবাটি সমবায় বিভাগে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ সেবাটি সঠিক ভাবে তারা পায় না। সমবায় সমিতি আইন, ২০০১ এর ১৮(৫) ধারা মূলে যে সকল সমবায় সমিতি ব্যবস্থাপনা কমিটির মেয়াদ কালের মধ্যে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সম্পন্ন করা না হলে মেয়াদ পূর্তির সাথে সাথেই উক্ত কমিটি বিলুপ্ত হইবে এবং নিবন্ধক সংশ্লিষ্ট সমবায় সমিতির ব্যবস্থাপনা নির্বাহ ও নির্বাচন অনুষ্ঠানের জন্য সমিতির সদস্য বা সরকারি কর্মকর্তার সমন্বয়ে ১২০ (একশত বিশ) দিনের জন্য একটি অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করবেন। সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩ এর ১৮(৫) ধারা মোতাবেক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করা হয়। সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/-টাকার কম হলে উপজেলা সমবায় অফিসার এবং পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার বেশী হলে জেলা সমবায় অফিসার এ নিয়োগ প্রদান করেন। সমবায় সমিতি একটি আর্থিক প্রতিষ্ঠান। আয়-ব্যয় নির্বাহ সহ সমিতির দৈনন্দিন কার্যক্রম ব্যবস্থাপনা কমিটি পরিচালনা করেন। কোন সমবায় সমিতিতে বৈধ ব্যবস্থাপনা কমিটি না থাকলে মেয়াদোত্তীর্ণ কমিটির ব্যক্তিদের দ্বারা সমিতি পরিচালনা করার প্রবণতা পরিলক্ষিত হয়। এতে করে উক্ত সময়ে সমিতি পরিচালনায় আর্থিক ও ব্যবস্থাপনাগত জটিলতা সৃষ্টি হয়। যেহেতু, সমবায় সমিতি একটি বিধিবদ্ধ প্রতিষ্ঠান সেহেতু সমবায় সমিতির পক্ষে সমবায়ের ব্যবস্থাপনা কমিটির আবেদনের প্রেক্ষিতে যাবতীয় সেবা প্রদান করা হয়। মেয়াদোত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটি অনেক সময় নিজ স্বার্থে হোক বা নিয়ম-কানুন না জানার কারণেই হোক অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের আবেদন প্রেরণ করতে পারেন না। সমবায় সমিতির ব্যবস্থাপনায় ধারাবাহিকতা আনয়ন এবং স্বচ্ছতা নিশ্চিত করা হলে প্রকারান্তরে সাধারণ সদস্যদের স্বার্থ রক্ষা করা সম্ভব হবে। এজন্য সেবাটি সহজ করা প্রয়োজন।

সমবায় অধিদপ্তরের স্মারক নং-১৫, তারিখঃ ২৭-০২-২০২৩ খ্রিঃ স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক জেলা সমবায় কার্যালয়ের জন্য “প্রাথমিক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ” সেবাটিকে সহজিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়া ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার (১.১.১) এর সেবা সহজিকরণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা রয়েছে।

(১) সমবায় অধিদপ্তরের স্মারক নং-১৫, তারিখঃ ২৭-০২-২০২৩খ্রিঃ স্মারক পত্রের নির্দেশনার প্রেক্ষিতে উপজেলা সমবায় কার্যালয়, রাণীশংকৈল, ঠাকুরগাঁও এর “প্রাথমিক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ” সেবাটি সহজিকরণ প্রস্তাব সম্বলিত পূর্ণাঙ্গ ডকুমেন্টস অনুমোদনের জন্য জেলা সমবায় কার্যালয়, ঠাকুরগাঁও-এ প্রেরণ করা হয়। জেলা সমবায় কার্যালয়, ঠাকুরগাঁও-এ অনুমোদনের প্রেক্ষিতে “প্রাথমিক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ” সেবাটি এখন হতে নিম্নরূপ ভাবে প্রদান করা হবে।

“প্রাথমিক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ” এর খাপ সমূহ

- ১। ব্যবস্থাপনা কমিটি ০১(এক) দিনের মধ্যে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠনের লক্ষ্যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান এবং সরবরাহকৃত রেজুলেশন ও আবেদনের ফরম পূরণ করবে।
- ২। পূরণকৃত আবেদন ও রেজুলেশন উপজেলা সমবায় দপ্তরে সরাসরি বা মেইলে প্রেরণ।
- ৩। উপজেলা সমবায় অফিসার কর্তৃক আবেদন গ্রহণ।
- ৪। উপজেলা সমবায় দপ্তর কর্তৃক ডাইরি ভুক্ত করণ ও নথিতে উপস্থাপন।
- ৫। সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার উর্ধ্বে হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রাপ্ত ফর্মের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর পূর্বক জেলায় প্রেরণ। সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বা কম হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক অনুমোদন এবং আদেশ প্রদান।
- ৬। পত্র জারী করণ এবং জেলা অফিসে/সমিতিতে প্রেরণ।
- ৭। জেলা সমবায় অফিসার কর্তৃক গ্রহণ।
- ৮। জেলা সমবায় দপ্তর কর্তৃক ডাইরিভুক্ত করণ।
- ৯। জেলা সমবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপন কারী কর্তৃক নথিতে উপস্থাপন।
- ১০। জেলা সমবায় অফিসার কর্তৃক অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ এবং ইমেইল বা ই-নথিতে জারী করে সমিতিতে এসএমএস প্রেরণ।

উপজেলা সমবায় অফিসার
রাণীশংকৈল, ঠাকুরগাঁও।

ফোনঃ +৮৮০২৫৮৯৯৩৩৬৯৬


ই-মেইলঃ ranisankailuco@gmail.com

স্মারক নং- ৪৭.৬১.৯৪৮৬.০০০.৩৯.০০৪.১৭- ৫৫/১৩)

তারিখ : ১৩.০৩.২০২৩ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয়(প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০১. জেলা সমবায় অফিসার, ঠাকুরগাঁও। (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২. সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, রাণীশংকৈল, ঠাকুরগাঁও।
০৩. অফিস কপি।


উপজেলা সমবায় অফিসার
রাণীশংকৈল, ঠাকুরগাঁও।